বাস্তবায়ন	ভৌত ও আর্থিক অগ্রগতি
ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রকল্প ঃ এ প্রকল্পের আওতায় মেঘনা নদীর পশ্চিমতীরে বিশনন্দী পয়েন্ট হতে দৈনিক ৫০ কোটি লিটার পানি উত্তোলন পূর্বক পরিশোধন করে তা ঢাকা মহানগরীতে সরবরাহ করা হবে। উন্নয়ন সহযোগি সংস্থা এডিবি, এএফডি ও ইআইবি এর আর্থিক ঋণ সহায়তায় এবং বাংলাদেশ সরকার ও ঢাকা ওয়াসা'র নিজস্ব অর্থায়নে আলোচ্য প্রকল্পের কাজ বাস্তবায়িত হচ্ছে। মূল DPP অনুযায়ী প্রকল্পের মেয়াদ ছিল অক্টোবর, ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। ১৭/০৮/২০২৫ ইং তারিখে ECNEC সভায় অত্র প্রকল্পের ৩য় সংশোধিত DPP অনুমোদিত হয়েছে। যেখানে সংশোধিত (৩য়) DPP অনুযায়ী মেয়াদ জুন ২০২৭ পর্যন্ত নির্ধারিত রয়েছে এবং মোট প্রকল্প ব্যয় ১০৯৭৩.৫৪ কোটি টাকা।	<u>৩য় সংশোধিত DPP অনুযায়ী প্রকল্পের সামগ্রিক অগ্রগতি ঃ</u> ক) ভৌত অগ্রগতি ঃ ৯০.৪৪%। খ) আর্থিক অগ্রগতি ঃ ৬৬.০৫%। <u>অঙ্গভিত্তিক ভৌত অগ্রগতি ঃ</u> • <u>প্যাকেজ-১ (DBO-Intake, RWP, WTP)</u> Design and Build (D&B) contract এর আওতায় দৈনিক ১০৫ কোটি লিটার পানি উত্তোলন ক্ষমতাসম্পন্ন Intake স্থাপনাসহ ৫২.৫ কোটি লিটার পানি সঞ্চালনের জন্য Intake Pumping Station, ১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট ২ x ২২ কিঃ মিঃ Raw Water Pipeline এবং ৫০ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন পানি শোধনাগার (WTP) নির্মাণ করা হবে, উল্লেখ্য যে, বকেয়া বিল অপরিশোধিত থাকায় গত ১৫.০৬.২০২৫ ইং হতে প্যাকেজ-১ এর কাজ ঠিকাদার কর্তৃক সাসপেনশন/বন্ধ অবস্থায় আছে। বর্ণিত উপাংশ সমূহের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ ঃ সার্বিক ভৌত অগ্রগতি ৯৭.০১% (ইনটেক নির্মাণ ঃ ৯৭.৯১%, Raw Water Pipeline (RWP) স্থাপন ঃ ৭৮.২৪%, পানি শোধনাগার (WTP) নির্মাণঃ ৯৯.১৪%)। • <u>প্যাকেজ-২ (Treated Water Pipeline)</u> গন্ধর্বপুরে নির্মাণাধীন পানি শোধনাগার এর ডেলিভারী পয়েন্ট হতে ২ x ১৪ কিঃ মিঃ দীর্ঘ টুইন ট্রান্সমিশন (১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট) পাইপ লাইনের মাধ্যমে শীতলক্ষা ও বালু নদীর তলদেশ দিয়ে অতিক্রম (মাইক্রো টানেলিং রিভার ক্রসিং পদ্ধতিতে) করে মানানী এভিনিউ হয়ে ঢাকার বারিধারা ভাটারা থানা নতুন বাজার পয়েন্ট পর্যন্ত পাইপ লাইন স্থাপন কাজ চলমান আছে। শীতলক্ষা ও বালু নদীর পূর্ব ও পশ্চিম পাড়ের (লঞ্চিং ও রিসিভিং) শ্যাফট এবং পাইপ জয়াকিং কাজ সমাপ্ত হয়েছে। প্যাকেজের ভৌত (সেকশন-A, B, C ও নদী ক্রসিংসহ মোট ১৪ কিঃ মিঃ) সার্বিক অগ্রগতি ঃ ৯৮.৫৮%। • <u>প্যাকেজ-৩.১ (Primary Distribution Reinforcement Line)</u> ➢ সার্বিক ভৌত অগ্রগতি ঃ ৪৪%। ➢ সংগ্রহঃ DI পাইপ ৯৫%, DI ফিটিংস ৮৫%, HDPE পাইপ ১১.৯৯%। ➢ পাইপ লাইন প্রোগ্রেস- ২৪.৫৩% (৫২৩০ মিঃ)। • <u>প্যাকেজ-৩.২ (Secondary Distribution Reinforcement Line)</u> ➢ ক) ভৌত অগ্রগতি ঃ ৫০%। খ) আর্থিক অগ্রগতি ঃ ৩৫%। ➢ সংগ্রহঃ DI পাইপ ১০০%, DI ফিটিংস ১০০%, HDPE পাইপ ৯০%। HDPE ফিটিংস-৯০% ➢ পাইপ লেইং প্রোগ্রেস-৩৪% (১৬৫০০ মিঃ) • <u>প্যাকেজ-২.৭ (MODS Zone-6 এর আওতায় ১৬টি DMA কে প্রায় ৪১৭ কিঃমিঃ পাইপ লাইন নেটওয়ার্ক পরিবর্তন, বর্ধিতকরণ, স্থাপন)</u> ➢ সার্বিক অগ্রগতি ঃ ১০০%। • <u>প্যাকেজ-ADF Grant: (Strengthening Access of women and vulnerable groups in selected slums to imporve water and sanitation services)</u> ➢ সার্বিক কার্যক্রমের অগ্রগতি ঃ ১০০%। ➢ ২০২৩ সালে নিয়োগকৃত ৬ জন Individual Consultants এর ১ জনের চুক্তির মেয়াদ ও দায়িত্ব জানুয়ারী-২০২৪ নাগাদ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ৫(পাঁচ) জনের মেয়াদ ও দায়িত্ব ৩১ মার্চ ২০২৬ নাগাদ সমাপ্ত হয়েছে। ➢ ২০২৩ সালে নিয়োগকৃত Social Awareness and Legal Empowerment জন্য ২(দুই) টি NGO কাজ করছে, যাদের মেয়াদ ও দায়িত্ব মার্চ-২০২৬ এ সমাপ্ত হয়েছে। ➢ মোট ৭ (সাত) টি প্যাকেজের মধ্যে প্রথম পর্যায়ে ৪ (চার) টি লটের মোট ৩৫৭ টি Community Toilet & Bathing Block নির্মাণ কাজ জানুয়ারী ২০২৬ এ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ৩ (তিন) টি লটের মোট ২১৬ টির নির্মাণ কাজ ফেব্রুয়ারী ২০২৬ এ সমাপ্ত হয়েছে। সর্বমোট ৫৭৩ টি WASH Block এর নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে (টয়লেট চেম্বার-৯৪৪ টি, গোছলখানা-৬০১ টি, মোট চেম্বার ১৫৪৫ টি এবং রেনোভেশন কাজ ৫টি)। • <u>পরামর্শক নিয়োগ (MDSC)</u> ➢ পূর্বের পরামর্শক Mott MacDonald এর সাথে MDSC কাজের চুক্তি ৩১ আগষ্ট ২০২৫ তারিখে সমাপ্ত হয়েছে। ➢ প্রকল্পের নতুন পরামর্শক হিসেবে Fichtner GmbH & Co.KG এর নিয়োগের প্রস্তাব মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং এতে ADB এর অনাপত্তি ও ঢাকা ওয়াসা'র কর্ম সম্পাদনে সহায়তা কমিটির সুপারিশ পাওয়া গেছে, এছাড়াও প্রস্তাবটি গত ১৫.১২.২০২৫ ইং তারিখে ACEA কে অনুমোদিত হয়েছে। বর্তমানে প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রক্রিয়াধীন আছে। জন প্রস্তাব [illegible] পরিষদে অনুমোদন সাপেক্ষে পরামর্শক নিয়োগ করা যাবে।

সংগ্রহ ঃ

01/04/2026
Engr. Md. Tarikul Islam
Assistant Engineer
PMU, DESWS Project
Dhaka WASA

01.04.2026
Mahrin Binte Islam
Executive Engineer
PMU, DESWS Project
Dhaka WASA

01/04/2026
Gazi Habibul Hyder
Executive Engineer &
Deputy Project Director
PMU, DESWSP, Dhaka WASA

01/04/2026
Md. Wahidul Islam Murad
Superintending Engineer
Project Director
PMU, DESWSP, Dhaka WASA